

## স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ জানাযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## জানাযার নামায

মুসলিম মাইয়্যেতের উপর জানাযার নামায পড়া ফর্যে কিফায়াহ (অর্থাৎ কিছু লোক তা পালন করলে বাকী লোকের কোন পাপ হয়না এবং কেউই পালন না করলে সকলেই পাপী হয়। কারণ, এ নামায পড়তে আল্লাহর নবী (ﷺ) আদেশ করেছেন। যায়দ বিন খালেদ জুহানী বলেন, 'খাইবারের দিন নবী (সা.)-এর এক সাহাবী মারা গেলে সকলে তাঁকে খবর দিলেন। কিন্তু তিনি বললেন, "তোমাদের সঙ্গীর জানাযা তোমরা পড়।" এ কথা শুনে সকলের চেহারা বিবর্ণ হয়ে গেল। কারণ বর্ণনা করে তিনি বললেন, "তোমাদের ঐ সাথী আল্লাহর পথে খেয়ানত করে মারা গেছে----।'

অবশ্য দুই প্রকার মাইয়্যেতের জানাযা এ নির্দেশের আওতাভুক্ত নয়। অর্থাৎ তাদের জানাযা পড়া ওয়াজেব নয়; তবে বিধেয় বটে। প্রথম হল, নাবালক শিশু। কারণ, নবী (সা.) তার শিশুপুত্র ইব্রাহীম এর জানাযা পড়েন নি। মা আয়েশা (রা.) বলেন, নবী (সা.)-এর পুত্র ১৮ মাস বয়সে মারা যায়। তিনি তার জানাযা পড়েন নি। ই

আর দ্বিতীয় হল শহীদ। কেননা, নবী (ﷺ) উহুদ প্রভৃতি যুদ্ধের শহীদদের জানাযা পড়েন নি বলে বর্ণনা পাওয়া যায়। অবশ্য তাঁর নামায পড়াটা উক্ত ধরনের মাইয়্যেতের অবিধেয় হওয়ার নির্দেশ দেয় না।

## ফুটনোট

- ১. আবু দাউদ ২৩৩৫ নং, নাসাঈ ২৯৩৩ নং, ইবনে মাজাহ ২৮৩৮ নং, আহমাদ ২০৮৬ নং, প্রমুখ।
- ২. আবু দাউদ ২৭৭২ নং, আহমাদ ২৫১০১ নং, সহীহ আবু দাউদ ২৭২৯ নং

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12893

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন